BICM
Endeavour Education Excellence

মুজিব শতবর্ষ MUJIB 100

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট
বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম তলা)
৩৪, তোপখানা রোড, ঢাকা-১০০০

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নংঃ বিআইসিএম/প্রশাসন/নিয়োগ ২০২৩/০০২/২৩-১০৪ তারিখঃ ০২ অক্টোবর, ২০২৩

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি প্রতিষ্ঠান। বিআইসিএম পুঁজিবাজারের তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞান প্রসারের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইনস্টিটিউট হিসেবে দেশের একমাত্র পুঁজিবাজার বিষয়ক বিশেষায়িত মাস্টার্স প্রেগ্রামসহ পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা, সার্টিফিকেট কোর্স, সাধারণ বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ শিক্ষাসহ বিভিন্ন শিক্ষা, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। সরকার কর্তৃক অনুমোদিত ইন্সটিটিউটের বেতন ও সাংগঠনিক কাঠামো অনুযায়ী ইন্সটিটিউটের শূন্য পদে নিয়োগের জন্য নিম্নোক্ত পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম, বয়স ও পদের সংখ্যা | নিয়োগের যোগ্যতা | বেতন |
|---|---|---|---|
| ০১ | **পরিচালক (স্টাডিজ)**<br>অনূর্ধ্ব ৫৫ বছর<br>০১টি (স্থায়ী পদ) | (ক) প্রার্থীদের হিসাববিজ্ঞান/ ফিন্যান্স/ ব্যবস্থাপনা/ অর্থনীতি/ পরিসংখ্যান/ গণিত/ ব্যাংকিং/ আইন/ ব্যবসায় প্রশাসন বিষয়ে প্রথম শ্রেণির স্নাতক এবং প্রথম শ্রেণির স্নাতকোত্তর অথবা বি.বি.এ এবং এম.বি.এ পরীক্ষার উভয়টিতে প্রথম শ্রেণি অথবা ন্যূনতম সিজিপিএ ৪.০০ এর মধ্যে ৩.২৫ থাকতে হবে। কোন সুনামধন্য পাবলিক বা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসেবে অথবা সুনামধন্য রিসার্চ ইন্সটিটিউটটে গবেষক হিসেবে কমপক্ষে ১৮ (আঠার) বছরের অভিজ্ঞতা, যার মধ্যে অধ্যাপক বা সিনিয়র রিসার্চ ফেলো বা রিসার্চ ডিরেক্টর হিসেবে কমপক্ষে ০৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) দেশী-বিদেশী স্বীকৃত জার্নালে কমপক্ষে ১২টি মৌলিক গবেষণা প্রকাশনা থাকতে হবে।<br>(গ) শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে চার্টার্ড ফিন্যান্সিয়াল এনালিস্ট (সিএফএ)/ চার্টার্ড একাউন্ট্যান্টস (সিএ)/ কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিএমএ)/ চার্টার্ড ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট একাউনট্যান্টস (সিআইএমএ) ও পুঁজিবাজার সংশ্লিষ্ট কোন প্রশিক্ষণ ইন্সটিটিউট এ প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে। | মূল বেতন ১,২০,০০০/- অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট বেতন ১,৯৫,২৫০/- টাকা এবং ড্রাইভার ও জ্বালানীসহ সার্বক্ষণিক গাড়ির সুবিধা |
| ০২ | **সহকারী রেজিস্ট্রার**<br>অধূর্ধ্ব ৩০ বছর<br>১টি (স্থায়ী পদ) | (ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে যে কোন বিষয়ে চার বৎসর মেয়াদী স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর ডিগ্রী। স্নাতক বা স্নাতকোত্তর এর যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা সিজিপিএ ৪.০ এর মধ্যে ৩.০০ থাকতে হবে। এসএসসি ও এইচএসসির যে কোন একটিতে ১ম শ্রেণি/বিভাগ বা জিপিএ ৫.০ এর মধ্যে ৩.৭৫ থাকতে হবে।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | মূল বেতন- ৩৫,০০০/- ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক সর্বমোট বেতন ৫৫,৪০০/- টাকা |
| ০৩ | **গাড়ি চালক**<br>(মুক্তিযোদ্ধা কোটা, মুক্তিযোদ্ধা কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের মধ্য | (ক) এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশ।<br>(খ) পেশাদার মোটর ড্রাইভিং লাইসেন্সসহ কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা। | মূল বেতন- ১২,০০০/- ও অন্যান্য ভাতাদিসহ প্রারম্ভিক |

| | | | |
|---|---|---|---|
| | হতে মেধাতালিকা অনুসারে নিয়োগ দেয়া হবে। ) (মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীদের বয়স অনুর্ধ্ব ৩২ বছর, সাধারণ প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর) ১টি (স্থায়ী পদ) | | সর্বমোট বেতন ২১,৭০০/- টাকা |

* প্রতিষ্ঠানের কর্মচারীগণ সরকারি নিয়মানুযায়ী বাংলা নববর্ষ ভাতা ও উৎসব ভাতাসহ অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

**দ্রষ্টব্যঃ**

১। আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম,/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২২ অক্টোবর, ২০২৩ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ বিআইসিএম এর ওয়েবসাইট https://bicm.gov.bd হতে সংগৃহীত আবেদনপত্রের নমুনা মোতাবেক **স্বাক্ষরযুক্ত আবেদনপত্র** ও প্রামাণিক দলিল, সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপিসহ ডাকযোগে "পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট, ৩৪, তোপখানা রোড, বিজিআইসি টাওয়ার (১ম-৪র্থ ও ৯ম-১০ম তলা), ঢাকা-১০০০" বরাবর **আগামী ২২ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে পৌছাতে হবে।** নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। নিম্নে বর্ণিত দলিলপত্রাদির অনুলিপি প্রথম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র; (খ) পেশাগত অভিজ্ঞতা ও প্রকাশনা (প্রযোজ্য ক্ষেত্রে); (গ) ০৩ (তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি; (ঘ) প্রথম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি); (ঙ) জন্ম নিবন্ধন সনদ অথবা জাতীয় পরিচয়পত্র; (চ) সংশ্লিষ্ট জেলার স্থায়ী নাগরিকত্ব সনদ; (ছ) ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। প্রয়োজনে প্রার্থী অতিরিক্ত কাগজ ব্যবহার করে আবেদন পত্রের সাথে যুক্ত করতে পারবেন।

৪। খামের উপরে অবশ্যই পদের নাম, নিজ জেলা ও কোটা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

৫। বিভাগীয়/চাকুরীরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ভুয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র অথবা নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে যে কোন সময় প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। **শুধু সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচনা করা হবে।**

৮। **চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে অবশ্যই স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।**

৯। আবেদন পত্রে যাচিত তথ্য প্রার্থীর ক্ষেত্রে প্রযোজ্য না হলে "প্রযোজ্য নয়" লিখতে হবে।

১০। গাড়িচালক পদে নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটা অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে মেধাতালিকা হতে সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধাতালিকা অনুসারে নিয়োগ দেয়া হবে।

(ক) **আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি) হলে সেই মর্মে উক্ত দাবীর স্বপক্ষে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের বিষয়ে** (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নাম্বার ও তারিখ/বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত **সুস্পষ্ট প্রত্যয়নপত্র** দাখিল করতে হবে; এবং

(খ) কোন বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাম 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকায়' না থাকলে প্রার্থীকে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (১) গেজেট ও সাময়িক সনদ অথবা (২) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা (৩) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদের অনুলিপি দাখিল করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে ইন্সটিটিউটের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট